দৈনিক ইত্তেফাক

তারিখ 26 JAN 1994
পৃষ্ঠা ৩ কলাম ৫

124

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ৯মাসেও ডিগ্রীর ফলাফল প্রকাশ করা হয় নাই

চট্টগ্রাম অফিস ॥ দীর্ঘ ৯ মাস অতিবাহিত হওয়ার পরও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) পরীক্ষার ফলাফল প্রকাশের লক্ষণ দেখা যাইতেছে না। গত ১ মাস পূর্বে বিএসসি (পাস) পরীক্ষার ফলাফল প্রকাশিত হইলেও বিএ এবং বিকম (পাস) পরীক্ষার ফল প্রকাশিত হয় নাই। বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ৯ মাসেও ডিগ্রীর

(৩য় পৃঃ পর)

যখনই যোগাযোগ করা হয়, বলা হয় "আর কিছুদিন পর"; অপরদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে '৯৩ সনের ডিগ্রী (পাস) পরীক্ষা শেষ হওয়ার পথে। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয় অফিসারদের কর্মবিরতি থাকায় আগামী মাসের প্রথম সপ্তাহের পূর্বে বি,কম (পাস) এবং বি-এ (পাস) পরীক্ষার ফল প্রকাশ করা সম্ভব হইবে না। তাছাড়া '৯২ সনের পরীক্ষায় অকৃতকার্য ছাত্রদের পরবর্তী পরীক্ষার সময়সূচীও ঘোষণা করা হয় নাই।